27

দৈনিক ইনকিলাব

তারিখ 17 NOV 1992
পৃঃ ৫ কলাম ৬

শিক্ষাঙ্গনে

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির নিয়ম-কানুন

দৈনিক ইনকিলাবের চিঠিপত্র কলামে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রসংগে ভর্তিচ্ছু বিভিন্ন ছাত্রের পূর্বে প্রকাশিত চিঠির সাথে আমরাও সম্পূর্ণভাবে একমত। প্রাচ্যের অক্সফোর্ড বলে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলাদেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ একথা নিঃসন্দেহে সত্য।

কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির কয়েকটি নিয়ম-কানুনের কারণে অনেক মেধাবী ছাত্র-ছাত্রী উক্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারে না। ভর্তির কয়েকটি নিয়মের মধ্যে রয়েছে (১) মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৪% (২) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৬% (৩) ভর্তি পরীক্ষায় ১০০ নম্বর থেকে প্রাপ্ত নম্বর যোগ করে মেধা তালিকা তৈরী। কিন্তু এ সকল নিয়মের মার-প্যাঁচে অনেক মেধাবী ছাত্র-ছাত্রী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নম্বর কম পেয়ে ভর্তি পরীক্ষায় ভাল নম্বর পেয়েও ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারে না। ফলে; দেশের অনেক জায়গায় দুর্নীতি ও নকলের সুযোগের কারণে অনেক খারাপ ছাত্র-ছাত্রী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ভাল নম্বর পেয়ে চান্স পেয়ে যায়। যার ফলে অনেক উদ্যমী ও মেধাবী ছাত্র-ছাত্রী উচ্চ শিক্ষা গ্রহণের ইচ্ছা হারিয়ে ফেলে হতাশায় ভোগে। তাই ভর্তি পরীক্ষায় ১০০ নম্বর থেকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই মেধা তালিকা তৈরী করার জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—মোস্তাক আহমদ চৌধুরী (দিপু)